গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ টেকনিক্যাল ম্যানেজার এর কার্যালয়
ন্যাশনাল ইলেকট্রো-মেডিক্যাল ইকুইপমেন্ট মেইনটেন্যান্স
ওয়ার্কশপ অ্যান্ড ট্রেনিং সেন্টার (নিমিউ অ্যান্ড টিসি)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,
মহাখালী, ঢাকা-১২১৩
www.nememw.gov.bd

স্মারক নং : ৪৫.০০.২৬০০.০০১.০৬.০০৩.১৫-২৬৫৮ তারিখ : ২০/০৭/২০১৯ খ্রি.

**বিষয়: যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস-২০১৯ পালনের লক্ষ্যে প্রস্তুতি সভার কার্যবিবরণী ।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহা: আমিনুর রহমান, চীফ টেকনিক্যাল ম্যানেজার। |
| তারিখ ও বার | : | ১০/০৭/২০১৯ তারিখ, বুধবার । |
| সময় | : | সকাল ১০:৩০ ঘটিকায়। |
| স্থান | : | নিমিউ অ্যান্ড টিসি'র প্রশিক্ষণ কক্ষ । |

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত ।

সভাপতি মহোদয় আগামী ১৫ আগস্ট, ২০১৯ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে প্রস্তুতি সভার প্রারম্ভে ১৫ আগস্টে শাহাদাত বরণকারী সকল শহীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন ও আত্মার মাগফিরাত কামনা করে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । তিনি যথাযথ মর্যাদা ও ভাব-গাম্ভীর্যের সাথে জাতীয় শোক দিবস-২০১৯ পালনের লক্ষ্যে যথোচিত কর্মসূচি গ্রহণের স্বার্থে সুচিন্তিত মতামত প্রদানের জন্য উপস্থিত সকলের প্রতি আহবান জানান।

**আলোচ্যসূচি ভিত্তিক বিস্তারিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ:**

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে কর্মসূচি গ্রহণ। | বিস্তারিত আলোচনান্তে সভাপতি মহোদয় প্রস্তাব করেন যে, জাতীয় কর্মসূচীর সাথে সমন্বয় রেখে আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে নিমিউ অ্যান্ড টিসির কর্মসূচী নিম্নরূপ হতে পারে:<br>১। জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে;<br>২। প্রয়োজনীয় সংখ্যক ব্যানার ও ফেস্টুন দ্বারা অফিস চত্বর সজ্জিত করতে হবে;<br>৩। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ব্যানারে মাননীয় মন্ত্রীর নেতৃত্বে ১৫ আগস্ট, ২০১৯ তারিখ বেলা ১১.৩০ টায় ধানমন্ডির ৩২ নং রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে চীফ টেকনিক্যাল ম্যানেজার এর নেতৃত্বে নিমিউ অ্যান্ড টিসি'র ১৫ (পনের) সদস্যের একটি প্রতিনিধি দল ধানমন্ডিস্থ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ নিবেদন করবেন;<br>৪। সকল কর্মকর্তা-কর্মচারী আবশ্যিকভাবে কালো ব্যাজ ধারণ করবেন;<br>৫। কোরআন খতম ও বাদ আছর আলোচনা সভা ও দোয়া মাহফিল;<br>৬। তবারক বিতরণ।<br>উক্ত প্রস্তাবসমূহের বিষয়ে উপস্থিত সবাই একমত পোষণ করেন।<br>এ ছাড়াও রক্ত দান কর্মসূচি গ্রহণের প্রস্তাব করা হলে সভাপতি মহোদয় বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শাখা ইনচার্জ (ইলেকট্রনিক্স) জনাব আ হ ম আপেল মাহমুদ কে নির্দেশনা দেন। | নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো:<br>১। জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে; | ১। জনাব মোঃ মাসুদ হাসান ।<br>২। জনাব কাজল কান্তি বড়ুয়া। |
| | | ২। প্রয়োজনীয় সংখ্যক ব্যানার ও ফেস্টুন দ্বারা অফিস চত্বর সজ্জিত করতে হবে; | ১। জনাব মো. আশরাফ পাঠান।<br>২। জনাব মোঃ নাসির উদ্দিন। |
| | | ৩। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ব্যানারে মাননীয় মন্ত্রীর নেতৃত্বে ১৫ আগস্ট, ২০১৯ তারিখ বেলা ১১.৩০ টায় ধানমন্ডির ৩২ নং রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে চীফ টেকনিক্যাল ম্যানেজার এর নেতৃত্বে নিমিউ অ্যান্ড টিসি'র ১৫ (পনের) সদস্যের একটি প্রতিনিধি দল ধানমন্ডিস্থ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ নিবেদন করবেন; | ১। জনাব মোঃ আনোয়ার হোসেন,<br>টেকনিক্যাল ম্যানেজার (রিপেয়ার)। |
| | | ৪। সকল কর্মকর্তা-কর্মচারী আবশ্যিকভাবে কালো ব্যাজ ধারণ করবেন; | ১। জনাব মোঃ নাসির উদ্দিন। |
| | | ৫। ১৫ আগস্ট, ২০১৯ তারিখে মহাখালী তালিমুল কোরআন মাদ্রাসা ও হেফজ খানার ১০ জন এতিম শিক্ষার্থী দ্বারা ২বার কোরআন খতম করা হবে। | ১। মোঃ আমিনুল ইসলাম। |
| | | ৬। বাদ আছর বঙ্গবন্ধুর জীবনাদর্শ নিয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল; | ১। টেকনিক্যাল ম্যানেজার (রিপেয়ার)।<br>২। জনাব কাজল কান্তি বড়ুয়া। |
| | | ৭। মিলাদ ও দোয়া মাহফিলে উপস্থিত ব্যক্তিদের মাঝে তবারক বিতরণ। | ১। টেকনিক্যাল ম্যানেজার (রিপেয়ার)<br>২। শাখা ইনচার্জ (মেকানিক্যাল)। |

| | | | |
|---|---|---|---|
| ২। বিবিধ। | আগামী ১৫ আগস্ট, ২০১৯ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস উপলক্ষে গৃহিত কর্মসূচি সফলভাবে পালনের লক্ষ্যে পাঁচ সদস্য বিশিষ্ট একটি মনিটরিং কমিটি গঠণের প্রস্তাব করা হলে উপস্থিত সবাই একমত পোষণ করেন। প্রস্তাবিত মনিটরিং কমিটি নিম্নরূপ:<br>১। জনাব মোহাঃ আমিনুর রহমান<br>চীফ টেকনিক্যাল ম্যানেজার - আহবায়ক।<br>২। জনাব মোঃ আনোয়ার হোসেন<br>টেকনিক্যাল ম্যানেজার (রিপেয়ার)- সদস্য ।<br>৩। জনাব মো: মাসুদ হাসান<br>সহকারী প্রকৌশলী (এক্স-রে)-সদস্য।<br>৪। জনাব আ হ ম আপেল মাহমুদ<br>উপসহকারী প্রকৌশলী - সদস্য।<br>৫। জনাব কাজল কান্তি বড়ুয়া<br>প্রশাসনিক কর্মকর্তা (অ.দা.)-সদস্য সচিব। | জাতীয় শোক দিবস পালনের জন্য গঠিত মনিটরিং কমিটি নিম্নরুপ:<br>১। জনাব মোহাঃ আমিনুর রহমান<br>চীফ টেকনিক্যাল ম্যানেজার - আহবায়ক।<br>২। জনাব মোঃ আনোয়ার হোসেন<br>টেকনিক্যাল ম্যানেজার (রিপেয়ার)- সদস্য ।<br>৩। জনাব মো: মাসুদ হাসান<br>সহকারী প্রকৌশলী (এক্স-রে)-সদস্য।<br>৪। জনাব আ হ ম আপেল মাহমুদ<br>উপসহকারী প্রকৌশলী - সদস্য।<br>৫। জনাব কাজল কান্তি বড়ুয়া<br>প্রশাসনিক কর্মকর্তা (অ.দা.)-সদস্য সচিব।<br>কমিটির কার্যপরিধি (TOR): জাতীয় শোক দিবস উপলক্ষে গৃহিত কর্মসূচি যথাযথভাবে পালনের লক্ষ্যে নিবিড় তদারকী করণ। | |

আলোচনার জন্য অন্য কোন বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/৭/১৯

মোহা: আমিনুর রহমান
চীফ টেকনিক্যাল ম্যানেজার
(উপসচিব)
ফোন-৫৮৮১০৬১
E-mail : nememw.govt.bd@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ [দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা অনুবিভাগ)]।
২। টেকনিক্যাল ম্যানেজার (রিপেয়ার), নিমিউ অ্যান্ড টিসি, মহাখালী, ঢাকা ।
৩। টেকনিক্যাল ম্যানেজার (ট্রেনিং), নিমিউ অ্যান্ড টিসি, মহাখালী, ঢাকা ।
৪। সেকশন ইনচার্জ (মেক্যানিক্যাল/ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/রেফ্রি.এন্ড এয়ারকন্ডিশন/এক্স-রে/অপটিক্যাল) , নিমিউ অ্যান্ড টিসি, মহাখালী, ঢাকা (স্ব স্ব সেকশনের সকলকে অবহিত করার অনুরোধ সহ)।
৫। প্রশাসনিক কর্মকর্তা, নিমিউ অ্যান্ড টিসি, মহাখালী, ঢাকা ।
৬। সরবরাহ ও সংগ্রহ কর্মকর্তা, নিমিউ অ্যান্ড টিসি, মহাখালী, ঢাকা ।
৭। সিনিয়র স্টোর কিপার, নিমিউ অ্যান্ড টিসি, মহাখালী, ঢাকা ।
৮। পিএ টু সিটিএম, নিমিউ অ্যান্ড টিসি, মহাখালী, ঢাকা ।
৯। প্রধান সহকারী, নিমিউ অ্যান্ড টিসি, মহাখালী, ঢাকা ।
১০। হিসাব রক্ষক কাম ক্যাশিয়ার, নিমিউ অ্যান্ড টিসি, মহাখালী, ঢাকা ।
১১। নোটিশ বোর্ড, নিমিউ অ্যান্ড টিসি, মহাখালী, ঢাকা ।